স্মারক নং- ২৮ ....... তারিখ ঃ ২৮/০২/২৪ .......
১) দৈনিক ...যায়যায়দিন...
২) দৈনিক ...ভোরের কাগজ...
বিজ্ঞপ্তি প্রকাশ করার জন্য আদেশ প্রদান করা হয়েছে।

# নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

## অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩ (৪) ধারা মোতাবেক

## বিজ্ঞ যুগ্ম জেলা জজ ১ম আদালত, গাজীপুর

## অর্থজারী মামলা নং- ১১৭/২০২৩

**সোনালী ব্যাংক পিএলসি,** বঙ্গবন্ধু এভিনিউ কর্পোরেট শাখা, ঢাকা।

................**ডিক্রীদার।**

## -বনাম-

১। **মেসার্স ইম্পেরিয়াল ডাইং এন্ড হোসিয়ারী মিলস্ লিমিটেড,** যাহার ব্যবস্থাপনা পরিচালক- মিসেস তাহেরা চৌধুরী, সাং- সেলটেক সুপ্রীম, ফ্ল্যাট নং- ৫৪/সি, ইনার সার্কুলার রোড, নয়াপল্টন, ঢাকা, ফ্যাক্টরীর ঠিকানা- হরিহরপাড়া, থানা- ফতুল্লা, জেলা- নারায়ণগঞ্জ।

২। **মিসেস তাহেরা চৌধুরী,** স্বামী- মোঃ মজিবুর রহমান চৌধুরী, ব্যবস্থাপনা পরিচালক- মেসার্স ইম্পেরিয়াল ডাইং এন্ড হোসিয়ারী মিলস লিমিটেড, সাং- সেলটেক সুপ্রীম, ফ্ল্যাট নং- ৫৪/সি, ইনার সার্কুলার রোড, নয়াপল্টন, ঢাকা, এবং ৪১/৮, নয়াপল্টন, ঢাকা।

৩। **মিঃ মজিবুর রহমান চৌধুরী,** পিতা- মৃত শহর আলী চৌধুরী, চেয়ারম্যান- মেসার্স ইম্পেরিয়াল ডাইং এন্ড হোসিয়ারী মিলস লিমিটেড, সাং- সেলটেক সুপ্রীম, ফ্ল্যাট নং- ৫৪/সি, ইনার সার্কুলার রোড, নয়াপল্টন, ঢাকা, এবং ৪১/৮, নয়াপল্টন, ঢাকা।

৪। **বেগম মারিয়া চৌধুরী,** পিতা- মোঃ মজিবুর রহমান চৌধুরী, পরিচালক- মেসার্স ইম্পেরিয়াল ডাইং এন্ড হোসিয়ারী মিলস লিমিটেড, সাং- সেলটেক সুপ্রীম, ফ্ল্যাট নং- ৫৪/সি, ইনার সার্কুলার রোড, নয়াপল্টন, ঢাকা, এবং ৪১/৮, নয়াপল্টন, ঢাকা।

..................**দায়িকগন।**

এতদ্বারা ডিক্রিদারের প্রাপ্য **২৯/০২/২০২০ ইং তারিখ পর্যন্ত পাওনা ১৭৭,৬৮,২৮,৪৯২/- (একশত সাতাত্তর কোটি আটষট্টি লক্ষ আটাশ হাজার চারশত বিরানব্বই) টাকা** আদায়ের নিমিত্তে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী নিলাম ক্রেতাদেরকে অত্র বিজ্ঞপ্তিসহ তাহাদের নিজস্ব প্যাডে বা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা প্রদত্ত দর অংকে ও কথায় জামানতের বিবরণ লিখিয়া সহি স্বাক্ষরিত সীল মোহরকৃত টেন্ডার আহবান করা যাইতেছে। আগামী ..২৭/০৩/২৪.......... ইং তারিখে বেলা ১২.০০ ঘটিকার মধ্যে নিলাম ক্রয়ে ইচ্ছুক প্রত্যেক দর দাতাকে জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার আদালতের অনুকূলে দরপত্রের সহিত রেজিষ্ট্রী ডাকযোগে অথবা অফিসে রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করিতে হইবে। উক্ত দিবসে উপস্থিত দর দাতাদের সম্মুখে দরপত্র খোলা হইবে। সর্বোচ্চ দর গ্রহণের বিষয়টি আদালতের বিবেচনা সাপেক্ষে।

বিজ্ঞ যুগ্ম জেলা জজ ১ম আদালত * গাজীপুর *

## শর্তাবলীঃ

১। আগামী -২৭/০৩/২৪------- ইং তারিখে বেলা ১২.০০ ঘটিকার মধ্যে সরাসরি বা রেজিষ্ট্রি ডাকযোগে অত্র আদালতে রক্ষিত দরপত্র গ্রহনের বাক্সে নিলাম দরপত্র দাখিল করিতে হবে।

২। নিলাম দরপত্র সাদা কাগজে স্পষ্ট অক্ষরে নিলাম দর পত্র দাতার নাম, পিতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর যদি থাকে প্রদত্ত দর অংকে ও কথায় লিখে সিলমোহরকৃত খামে দাখিল করতে হবে। খামের উপর সম্পত্তি নিলামে ক্রয়ের দরপত্র লিখে দাখিল করতে হবে।

৩। নিলাম দরপত্রের সাথে নিলাম দরপত্র দাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে।

৪। প্রত্যেক দর দাতা উদ্ধৃত্ত দর অনুর্ধ ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা হইলে উহার শতকরা ২০%, উদ্ধৃত্ত দর-১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ- ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার শতকরা ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সম পরিমাণ টাকার জামানত স্বরুপ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার **বিজ্ঞ যুগ্ম জেলা জজ ১ম আদালত, গাজীপুর** এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৫। দর দাতা অনুর্ধ ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকার উদ্ধৃত্ত দর গৃহীত হইবার পরবর্তী ৩০(ত্রিশ) দিবসের মধ্যে ১০,০০,০০০/- টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত্ত দর গৃহীত হইবার ৬০(ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত্ত দর গৃহীত হইবার ৯০(নব্বই) দিবসের মধ্যে দরপত্র দাতা সমূদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে আদালত জামানতের টাকা বাজেয়াপ্ত করিবেন।

৬। দরপত্র অপরাহ্ণ ১২.০০ ঘটিকার মধ্যে আদালতে রক্ষিত দরপত্র বাক্সে সরাসরি বা রেজিষ্ট্রি ডাকযোগে জমা দিতে হইবে। ঐ দিন অপরাহ্ণ ২.০০ ঘটিকার সময় দরপত্রদাতাগণ বা তাদের প্রতিনিধিগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। দরপত্র সরাসরি বা রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত সময়ের মধ্যে পৌছাইতে হইবে।

৭। দরপত্রের প্রদত্ত মূল্য অস্বাভাবিক, কম/অপর্যাপ্ত প্রতীয়মান হলে, একটি তফসিলের আংশিক সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র দাখিল হলে এবং কম জামানত প্রদান করা হলে কিংবা ত্রুটিপূর্ণ দরপত্র দাখিল করা হলে দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৮। নিম্ন তফসিল সম্পত্তির উপর কোন সরকারী, আধা সরকারী বা সায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহ প্রতিষ্ঠান, ভূমি উন্নয়ন কর ইত্যাদি সহ অন্য যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তা পরিশোধের কোন দায়-দায়িত্ব ডিক্রীদার/ব্যাংক এর উপর বর্তাইবে না। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দর দাতাকে বহণ করতে হবে।

৯। উপরে বর্ণিত (৩) ও (৪) এর অধীনে প্রথম সর্বোচ্চ দর দাতার জামানত বাজেয়াপ্ত হইলে আদালত ইচছা করিলে দ্বিতীয় সর্বোচ্চ দর দাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।

১০। কৃতকার্য দর দাতাদের অনুকূলে শর্তপূরণ সাপেক্ষে তফসিল বর্ণিত সম্পত্তির দখল অত্রাদালতের মাধ্যমে হস্তান্তর করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। নিলামে অংশগ্রহণ ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য জানিবার জন্য ব্যাংকের উক্ত শাখা অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করিতে পারিবেন।

১২। কোন কারণ দর্শানো ব্যতিরেখে যে কোন দরপত্র বাতিল বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার আদালত সংরক্ষণ করেন।

## -সম্পত্তির তফসিল-

(ক) জেলা- গাজীপুর, থানা ও সাব-রেজিষ্ট্রি অফিস গাজীপুর সদর, মৌজা- আড়াইশ প্রসাদ, জে.এল নং-১৮, খতিয়ান নং সি.এস-১৬২, এস.এ-৩২৭, আর.এস-৪৫৯, জোত নং- ১৫৭৬, ১৫৭৯, ১৫৮০, ১৫৭৮, ১৫৭৭, মিউটেশন নং-৩২৭/কাত, দাগ নং সি.এস ও এস.এ-১৩৮৫, আর.এস-৬১০৩, ৬১০২, ৬১০০, ৬০৯৯, জমির পরিমান- ১.৬৮ একর (এক একর আটষট্টি শতাংশ) বন্ধককৃত বটে। ইহার চৌহদ্দী- উত্তরে- আলমাছ ভূইয়া, দক্ষিণে- আরিফুল ইসলাম, পূর্বে- রিজিয়া খাতুন, পশ্চিমে- দলিল গ্রহীতা।

আদেশক্রমে-

সেরেস্তাদার

বিজ্ঞ যুগ্ম জেলা জজ ১ম আদালত,

গাজীপুর।